



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৪.০০৫.২২-৭২৮

তারিখ: ০৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন Local Government Initiative on Climate Change (LoGIC) প্রকল্পের কার্যক্রমের
আওতাধীন ১৯ টি উপজেলা পরিষদের Assesment প্রসঙ্গে।


সূত্র: জাতীয় প্রকল্প পরিচালক, LoGIC প্রকল্প এর স্মারক নং-১৯৩, তারিখ: ১৯/১০/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে জলবায়ু সহিষ্ণু (PBCRG) স্কিম বাস্তবায়নের জন্য প্রকল্প সংশ্লিষ্ট উপজেলা পরিষদের Assesment তথা সক্ষমতা যাচাই কার্যক্রম পরিচালনার নিমিত্তে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন Local Government Initiative on Climate Change (LoGIC) প্রকল্প এবং 'আহমেদ জাকের এন্ড কোং' নামক সংস্থার মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উক্ত সংস্থা প্রকল্প সংশ্লিষ্ট উপজেলা পরিষদে Assesment তথা সক্ষমতা যাচাই কার্যক্রম পরিচালনা করবে। নিয়োজিত সংস্থা নিম্নলিখিত কার্যক্রম সম্পাদন করবেনঃ

১. প্রকল্প সংশ্লিষ্ট উপজেলার ২০২১-২০২২ অর্থবছরের আর্থিক বিবরণী নিরীক্ষা ও পর্যালোচনা।
২. জলবায়ু অর্থায়নের মাধ্যমে জলবায়ু অভিযোজন সক্ষম প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা যাচাইয়ের জন্য উপজেলা পরিষদের সংশ্লিষ্ট দলিলাদি ও অন্যান্য নথিসমূহ পর্যালোচনা।
৩. উপজেলা পরিষদে উন্নত বাজেট প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়ন যথানিয়মে করা হয় কিনা?
৪. উপজেলা পরিষদে যথাসময়ে স্কীম/প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন করা হয় কিনা?
৫. উপজেলা পরিষদের বিল পরিশোধের পদ্ধতি এবং সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনা।

প্রকল্পভুক্ত প্রতিটি উপজেলায় বর্ণিত সংস্থা কর্তৃক নিযুক্ত দুই সদস্য বিশিষ্ট একটি টিম সরেজমিনে উপজেলা পরিষদের উপরোল্লিখিত ডকুমেন্টসমূহ যাচাই করবে। উপজেলা পরিষদে এই কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সহযোগিতা প্রয়োজন। উক্ত টিম সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান ও নির্বাহী অফিসারের দপ্তরে 'এন্ট্রি মিটিং' করতঃ উপজেলা পর্যায়ে Assesment কার্যক্রম শুরু করবে। Assesment কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে এক্সিট মিটিং করবে।

এমতাবস্থায়, মাঠ পর্যায়ে প্রকল্পভুক্ত উপজেলা পরিষদের Assesment/সক্ষমতা যাচাই কার্যক্রমে LoGIC প্রকল্প কর্তৃক নিয়োজিত সংস্থার ব্যক্তিগণ-কে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৪/১০/২২

(মোহাম্মদ সামছুল হক)

উপসচিব

ফোন: ২২৩৩৫৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/পটুয়াখালী/বরগুনা/ভোলা/কুড়িগ্রাম/সুনামগঞ্জ জেলা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা/মোরেলগঞ্জ/শরণখোলা/বরগুনা সদর/পাথরঘাটা/তালতলী/ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দীন/দাকোপ/কয়রা/চর রাজিবপুর/চিলমারী/রৌমারী/রাঙ্গাবালী/দশমিনা/দিরাই/শাল্লা/তাহিরপুর উপজেলা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা/মোরেলগঞ্জ/শরণখোলা/বরগুনা সদর/পাথরঘাটা/তালতলী/ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দীন/দাকোপ/কয়রা/চর রাজিবপুর/চিলমারী/রৌমারী/রাঙ্গাবালী/দশমিনা/দিরাই/শাল্লা/তাহিরপুর উপজেলা।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জাতীয় প্রকল্প পরিচালক, LoGIC প্রকল্প, আইডিবি ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা/বাগেরহাট/পটুয়াখালী/বরগুনা/ভোলা/কুড়িগ্রাম/সুনামগঞ্জ জেলা।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।